# হাদি হত্যা মামলায় সিআইডিকে তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ



সংগৃহীত ছবি

হাদি হত্যা মামলায় তদন্ত প্রতিবেদন দিতে সিআইডিকে সময় বেঁধে দিয়েছে আদালত। ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদি হত্যার ঘটনায় আগামী ২৫ জানুয়ারির মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২০ জানুয়ারি) নির্ধারিত দিনে প্রতিবেদন জমা দিতে না পারায় ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম এ আদেশ দেন। এর আগে ৬ জানুয়ারি ডিবি পুলিশ ১৭ জনকে অভিযুক্ত করে অভিযোগপত্র দেয়। তবে ওই অভিযোগপত্রে আপত্তি জানিয়ে ১৫ জানুয়ারি মামলার বাদী ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের নারাজি দাখিল করলে আদালত মামলাটি সিআইডির কাছে তদন্তের জন্য পাঠান।

মামলার সূত্রে জানা যায়, ১৪ ডিসেম্বর হত্যাচেষ্টা মামলা হিসেবে বিষয়টি দায়ের করা হয়। পরে এতে হত্যা (৩০২) ধারা যুক্ত হয়। থানা পুলিশ ও ডিবি পুলিশের তদন্ত শেষে সাবেক ওয়ার্ড কাউন্সিলর তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পীসহ ১৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেওয়া হয়।

অভিযুক্তদের মধ্যে রয়েছেন প্রধান আসামি ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল, তার পরিবারের সদস্য, সহযোগী ও ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট আরও কয়েকজন। এছাড়া ভারতে পালাতে সহায়তার অভিযোগে কয়েকজন এবং অস্ত্র উদ্ধারের ঘটনায় গ্রেপ্তার আসামির নামও অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে।